



THE WORLD BANK

Working for a World  
Free of Poverty

NEWS RELEASE

## গুরুত্বপূর্ণ প্রতিবন্ধকতা দূর করতে পারলে রপ্তানী দ্রুত বৃদ্ধি পাবে- বিশ্ব ব্যাংকের নতুন রিপোর্ট

ঢাকা, ৪ জুলাই, ২০১২ : বিশ্ব ব্যাংকের ‘বাংলাদেশে রপ্তানী সুদৃঢ় ও ত্বরান্বিতকরণ’ শীর্ষক একটি নতুন রিপোর্টে বলা হয়েছে, বাংলাদেশের রপ্তানী প্রবৃদ্ধি হার বৃদ্ধি করার লক্ষ্যে বাণিজ্য কৌশল ও অবকাঠামো উন্নয়ন, অধিক দক্ষ জনশক্তি সৃষ্টি এবং সরকারের শ্রম মান বিধি প্রতিপালন নিশ্চিত করা জরুরি।

রিপোর্ট অনুযায়ী, বাংলাদেশের অন্যতম সামর্থ্য তৈরী পোষাক রপ্তানী অদূর ভবিষ্যতে ও মধ্য মেয়াদে গুরুত্বহ হতে থাকবে। তাসত্ত্বেও, সার্বিকভাবে রপ্তানী বৃদ্ধির জন্য কেবল মৌলিক তৈরী পোষাক খাতে বিদ্যমান সামর্থ্য সংহত করেই নয় বরং অধিক দামের তৈরী পোষাক এবং অন্যান্য রপ্তানী খাতে বৈচিত্র্য আনয়ন করা প্রয়োজন।

রিপোর্টে বাণিজ্য কৌশল উন্নয়ন, দক্ষতা উন্নয়ন এবং শ্রম মান প্রতিপালন সম্পর্কে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে যা রপ্তানী ক্ষেত্রে বিদ্যমান সামর্থ্য সুসংহতকরণে সহায়ক হবে এবং অধিকতর লাভজনক ও অধিক মানের পণ্যের দিকে অগ্রসরে সাহায্য করবে। রিপোর্টে আইটি-ভিত্তিক সেবা খাতে জোর দেওয়ার সম্ভাবনাসমূহ দেখা হয়েছে। এ খাতটি সারা বিশ্বে দ্রুত বিকাশ লাভ করছে বলে উচ্চ মানের চাকুরির সুযোগ দিতে পারে।

বিশ্ব ব্যাংক বাংলাদেশের লিড কান্ট্রি অর্থনীতিবিদ ও রিপোর্টটির অন্যতম প্রণেতা সঞ্জয় কাঠুরিয়া বলেছেন, ‘তৈরী পোষাক খাতে বাংলাদেশের বিদ্যমান ব্যয় সুবিধা অধিক দামের তৈরী পোষাক খাতে বৈশ্বিক বাজারে প্রতিযোগিতা করার জন্য পর্যাপ্ত নাও হতে পারে। পণ্যের আমদানী-রপ্তানী যথা সময়ে জাহাজীকরণ, ব্যয় সাশ্রয়ী ও নির্ভরশীল উপায়ে সম্পন্ন হয় তা নিশ্চিত করতে হবে। এবং বিদ্যমান সামর্থ্যের ক্ষেত্রগুলোতেও টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।’

শুল্ক প্রক্রিয়ার উন্নয়ন, আকাশ পথে পণ্য পরিবহন সামর্থ্য বৃদ্ধি এবং রেল সেবা উন্নয়ন দেশের বাণিজ্য কৌশলের অগ্রগতির জন্য গুরুত্বপূর্ণ বিবেচিত হবে।

দক্ষতার ঘাটতি এমনকি তৈরী পোষাক খাতেও ক্রমেই দৃশ্যমান হয়ে উঠছে। কর্মীদের প্রশিক্ষণের জন্য সরকারি অর্থায়নে পরিচালিত কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে তৈরী পোষাক ও অন্যান্য খাতের চাহিদা ভালভাবে মেটানোর লক্ষ্যে এসব প্রশিক্ষণের প্রাসঙ্গিকতা বৃদ্ধি করা দরকার। প্রশিক্ষণার্থীর প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে চিন্তা-ভাবনা করা প্রয়োজন। যেহেতু, বাংলাদেশ অধিক হারে মূল্যবান তৈরী পোষাক রপ্তানীর ক্ষেত্রে অগ্রসর হচ্ছে, তাই শ্রম মান ও কাজের পরিবেশ নিয়ন্ত্রণের বিধি প্রয়োগ করা অধিক গুরুত্বপূর্ণ হয়ে ওঠেছে।

বাংলাদেশের তৈরী পোষাক রপ্তানীর জন্য নিজেদের শ্রম ও ভবন মান বিধি প্রতিপালনের বিষয়টি ক্রমেই আরো গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। রিপোর্টের অন্যতম প্রনেতা বাংলাদেশে বিশ্ব ব্যাংকের অর্থনীতিবিদ মোঃ আবুল বাশার বলেছেন, সুস্থ ও নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য সরকারকে আরো নিবিড়ভাবে ব্যক্তিখাতের সাথে কাজ করতে হবে এবং বস্ত্র কারখানাসমূহকে আবাসিক এলাকা থেকে শিল্প এলাকার নিরাপদ ভবনে স্থানান্তরে সহায়তা দিতে হবে।’

রিপোর্টে আরো বলা হয়েছে যে বাংলাদেশের আইটি-ভিত্তিক সেবা খাতে প্রবৃদ্ধি বাড়ানোর জন্য আরো অনেক কিছু করার রয়েছে। এই খাতে এক বা একাধিক নিরাপদ বিনিয়োগকারীকে আকৃষ্ট করা বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ইতিবাচক প্রভাব তৈরী করতে পারে।

বিশ্ব ব্যাংক ঢাকা কার্যালয়ে আজ এই রিপোর্টটি প্রকাশ করা হয়েছে। ইকোনমিক রিসার্চ গ্রুপের চেয়ারম্যান অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

#### **Contacts**

*In Washington:* Gabriela Aguilar, (202) 473-8955, [gaguilar2@worldbank.org](mailto:gaguilar2@worldbank.org)

*In Dhaka:* Mehrin Ahmed Mahbub, (880-2) 8159001, [mmahbub@worldbank.org](mailto:mmahbub@worldbank.org)

*For more information on the World Bank in Bangladesh, please visit: <http://www.worldbank.org/bd>*

*To download the report, please visit: <http://www.worldbank.org/en/news/2012/07/03/consolidating-accelerating-exports-bangladesh>*

*Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>*